গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ অধিশাখা
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৩৭.০০.১৬৫.১৭-৩৭৫

তারিখ: ১৪ কার্তিক ১৪২৫ / ২৯ অক্টোবর ২০১৮

বিষয়: বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষার আবেদনপত্র প্রেরণ

সূত্র: বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পত্র নং-৮০.১১০.০৩৮.০০.০০.০১১.২০১৮-১৯০, তারিখ: ১০ অক্টোবর ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফেব্রুয়ারি ২০১৯ মাসে অনুষ্ঠিতব্য সিনিয়র স্কেল পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের online-এ আবেদনপত্র ১৫ অক্টোবর ২০১৮ তারিখ থেকে ০৮ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে দাখিল করতে হবে। online-এ আবেদনপত্র দাখিলের পর soft copy এর hard copy ২০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে এবং আবেদনপত্রের ০১(এক) টি অনুলিপি স্ব-স্ব ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক বিসিএস (প্রশাসন) ক্যাডারের প্রার্থীদের অনলাইনে দাখিলকৃত আবেদনপত্র সরাসরি বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণপূর্বক ১(এক) টি **অনুলিপি** জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সরকারী কর্ম কমিশন সচিবালয়ের বিজ্ঞপ্তি ০২(দুই) পাতা

২৯।১০।১৮

(মুহম্মদ শাহীন ইমরান)
উপসচিব
ফোন: ৯৫৭৪৫৫৯
fa1@mopa.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব .... মন্ত্রণালয়/বিভাগ।
৩. রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা/বিসিএস (প্রশাসন) একাডেমী, শাহবাগ, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, ...।
৫. মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. জেলা প্রশাসক,..।
৭. প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, পিএসসি সড়ক, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০১১.২০১৮-১৭৩ তারিখঃ ১৩ অক্টোবর ২০১৮

বিষয়ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা ফেব্রুয়ারি, ২০১৯।

বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা ২০১৯ সালের ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত হবে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণকে online-এ আবেদনপত্র (soft copy) আগামী **১৫ অক্টোবর ২০১৮ তারিখ রাত ১২.০০ টা থেকে শুরু করে ০৮ নভেম্বর ২০১৮ তারিখ রাত ১২.০০ টার মধ্যে** নির্ভুলভাবে দাখিল করতে হবে এবং online আবেদনপত্র দাখিলের পর **বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতির জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৭** অনুযায়ী soft copy এর hard copy আগামী ২০ নভেম্বর ২০১৮ তারিখ **অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই সরাসরি সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, পিএসসি সড়ক, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর প্রেরণ করতে হবে।** আবেদনকারীগণকে আবদনপত্রের ০১(এক) টি অনুলিপি স্ব-স্ব ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উক্ত আবেদনপত্রের hard copy যাচাই-বাছাই পূর্বক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে, ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক আবেদনকারীর প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনান্তে কোন অসংগতি পরিলক্ষিত হলে তা পরীক্ষা অনুষ্ঠানের ১৫ (পনের) দিন পূর্বে কমিশনকে অবহিত করতে হবে। **নির্ধারিত তারিখের পরে কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, সরাসরি বাতিল বলে গণ্য হবে।**

২. আবেদনপত্রের online form যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের সাথে চাকরি স্থায়ীকরণের সত্যায়িত গেজেট কপি এবং সত্যায়িত পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের hard copy এর যথাস্থানে আবেদনকারী ও তার এক ধাপ উপরোস্থ কর্তৃপক্ষের নাম সম্বলিত সিলসহ স্বাক্ষর/প্রতিস্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (hard copy) বাতিল বলে গণ্য হবে। যেহেতু এটি উচ্চতর পর্যায়ের পদোন্নতি পরীক্ষা সেহেতু, প্রেরিত আবেদনপত্র (hard copy) এবং আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ সঠিক এবং অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। **যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র (hard copy) সরাসরি বাতিল বলে গণ্য হবে।** বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী পরীক্ষার্থীর আবেদনপত্র বা প্রার্থিতা পরীক্ষার পূর্বে বা পরীক্ষায় উত্তীর্ণ হবার পরেও বাতিল হতে পারে, অর্থাৎ যে পর্যায়ে ত্রুটি ধরা পড়বে সে পর্যায়েই বাতিল হবে।

৩. শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখ পর্যন্ত অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত online-এ আবেদনপত্র দাখিলের পরামর্শ দেয়া যাচ্ছে।

৪. **Online-এ BPSC Form-7 পূরণের নিয়মাবলী ঃ**

পরীক্ষার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd এর মাধ্যমে কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র (Form-7) পূরণ করে Online Registration কার্যক্রম সম্পন্ন করতে হবে। ওয়েবসাইটটি ওপেন করলে সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা ফেব্রুয়ারি, ২০১৯ এর Notice, Instructions for Submitting Application, Application Form (BPSC Form-7: Application form for Examination under **বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতির জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৭**) এর রেডিও বাটন দৃশ্যমান হবে। Notice এর রেডিও বাটন ক্লিক করলে সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা ফেব্রুয়ারি, ২০১৯ এর বিজ্ঞপ্তি পাওয়া যাবে। ওয়েবসাইটে আবেদনপত্র পূরণের ৪ পৃষ্ঠায় বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। ফরম পূরণের পূর্বে পরীক্ষার্থীগণ Instruction অংশটি

d/unit-10/unit-10/senior scale/s.scale circular-2017

Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। BPSC Form-7 এর ৪ (চার) টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: Others ছাড়াও ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং BPSC Form-7 এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য অনুসরণ করে Form পূরণ করতে হবে। **এ জন্য পরীক্ষার্থীদের National ID card এর নম্বর, ছবি {ইমেজ ৩০০x৩০০ পিক্সেলস (Pixels) ফাইল সাইজ ১০০ কেবি এর নিচে} এবং স্বাক্ষর {ইমেজ ৩০০x৮০ পিক্সেলস (Pixels) ফাইল সাইজ ৬০ কেবি এর নিচে} প্রয়োজন হবে।**

৫. **এ পরীক্ষায় অংশ গ্রহণের শর্তাবলী ঃ**

ক. কোন কর্মকর্তার সংশ্লিষ্ট ক্যাডার পদে চাকরির মেয়াদ (২০১৯ সালের ০১ ফেব্রুয়ারি তারিখে) ন্যূনপক্ষে ০৪(চার) বছর পূর্ণ এবং চাকরিতে স্থায়ী হতে হবে;

খ. নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র (on line soft copy ও hard copy) কমিশনে পৌছাতে হবে;

গ. আবেদনপত্রের (hard copy) সাথে স্থায়ীকরণের সত্যায়িত গেজেট কপি ও ছবি সংযুক্ত করতে হবে;

ঘ. নির্ধারিত ২০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে আবেদনপত্র সরাসরি কমিশনে পৌছাতে/জমা দিতে হবে;

ঙ. একজন কর্মকর্তা একসাথে তিনটি অথবা কম সংখ্যক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

চ. আবেদনপত্রের কপির (hard copy) যথাস্থানে পরীক্ষার্থীর এবং তার এক ধাপ উপরোস্থ কর্তৃপক্ষের নাম সম্বলিত সীলসহ স্বাক্ষর থাকতে হবে ;

ছ. জাতীয়করণকৃত (Nationalized) এবং Encadrement প্রার্থী স্ব স্ব ক্যাডার পদে কোন তারিখে যোগদান করেছেন তা সুনির্দিষ্টভাবে উল্লেখ পূর্বক তার প্রমাণ সংযুক্তিসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে;

জ. ক্যাডার পদে চাকরির মেয়াদ (২০১৯ সালের ০১ ফেব্রুয়ারি তারিখে) ১৪ বছর পূর্ণ হওয়ার পর অথবা পরীক্ষার্থীর নিজ বয়স ৫০ বছর পূর্ণ হয়ার পর কোন কর্মকর্তা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না ।

উল্লিখিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা না হলে আবেদনপত্র/প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৬. লিথোকোড সংযুক্ত উত্তরপত্র সরবরাহ করা হবে। পরীক্ষার্থীকে নিজ বিষয়ের নিম্নে বর্ণিত বিষয় কোডগুলো অবহিত থাকতে হবে; যা উত্তরপত্রে কোডের স্থানে পরীক্ষার সময় লিখতে হবে ঃ

ক. **প্রথমপত্র ঃ** বাংলাদেশ ও চলতি বিষয়াবলী (BANGLADESH AND CURRENT AFFAIRS), বিষয় কোড নং-০০১।

খ. **দ্বিতীয়পত্র ঃ** সকল সরকারি অফিসের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি ও পদ্ধতি (LAW, RULES AND REGULATIONS APPLICABLE TO ALL GOVERNMENT OFFICES), বিষয় কোড নং-০০২।

গ. **তৃতীয়পত্র ঃ** ক্যাডারভুক্ত কর্মকর্তাদের নিজস্ব কার্যাবলীর সংগে সম্পর্কিত বিষয়াবলী। এ বিষয় কোড নম্বর নিম্নরূপঃ

১. বিসিএস ঃ

বিষয়	কোড	বিষয়	কোড	বিষয়	কোড	বিষয়	কোড	বিষয়	কোড
বন	৫৮০	প্রশাসন	৮০১	খাদ্য	৮০২	নিরীক্ষা ও হিসাব	৮০৩	শুল্ক ও আবগারী	৮০৪
কর	৮০৫	পররাষ্ট্র	৮০৬	ডাক	৮০৭	পুলিশ	৮০৮	আনসার	৮০৯
বিসিএস (বাণিজ্য)	৮১১	তথ্য-সাধারণ	৮১২	পরিবার ও পরিকল্পনা	৮১৩	রেলওয়ে পরিবহন ও বাণিজ্য	৮১৪	কৃষি বিপনন	৮২০

D:\From D-PSC Con-10\Cir-10\Senior Scale exam Circular-2017.doc

৭. প্রত্যেক পত্রের প্রশ্নের পূর্ণমান ১০০ নম্বর এবং পাশ নম্বর ৫০। প্রত্যেক পত্রের পরীক্ষার জন্য নির্ধারিত সময় ০৩(তিন) ঘন্টা। বিসিএস (টেলিকমিউনিকেশন) ক্যাডারের তৃতীয় পত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় পূর্ণমান যথাক্রমে ৬০ ও ৪০ নম্বর এবং পাশ নম্বর ৫০% অর্থাৎ যথাক্রমে ৩০ ও ২০ নম্বর। ঐ পত্রের লিখিত পরীক্ষার নির্ধারিত সময় ০২(দুই) ঘন্টা এবং ব্যবহারিক পরীক্ষা ০১(এক) ঘন্টা।

৮. যোগ্য/অযোগ্য আবেদনকারীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য আবেদনকারীর পরীক্ষার প্রবেশপত্র পরবর্তী সময়ে তাদের নিজ উদ্যোগে কমিশনের ওয়েবসাইট হতে download করে সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। online- এ আবেদনপত্র ফরম পূরণে কোন সমস্যা হলে snsc_support@bpsc.gov.bd যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৯. সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষার সিলেবাস কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd -এ পাওয়া যাবে।

[সেলিমা বেগম] ১০.১০.১৮
পরিচালক
ফোন ঃ ৫৫০০৬৬৩০

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০১১.২০১৮-১৩১০ তারিখঃ ১০ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, -------------------------------- মন্ত্রণালয়/বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৪. সচিব, -------------------------------- মন্ত্রণালয়/বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৫. মহাপরিচালক,-------------------------------- অধিদপ্তর/পরিদপ্তর, ঢাকা।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক(ক্যাডার/নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৮. পরিচালক (সকল)/উপ-সচিব (প্রশা/অর্থ ও সেবা/বাজেট), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৯. উপ-পরিচালক(সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১০. উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়,আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১১. সহকারী পরিচালক/সহকারী সচিব/জনসংযোগ কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা/লাইব্রেরিয়ান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১২. জনাব কৌশিক দেবনাথ, সহকারী প্রোগ্রামার (কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd -এ প্রকাশের জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১৪. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিঃ কর্মঃ (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১৫. নোটিশ বোর্ড/অভ্যর্থনা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

[সেলিমা বেগম] ১০.১০.১৮
পরিচালক
ফোন ঃ ৫৫০০৬৬৩০